

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, মে ১৯, ২০১৯

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
কমিটি বিষয়ক অধিশাখা
www.cabinet.gov.bd

প্রজ্ঞাপন

ঢাকা, ০২ জ্যৈষ্ঠ ১৪২৬/১৬ মে ২০১৯

নম্বর: ০৪.০০.০০০০.৬১১.০৬.০০২.১৯.১৪৬—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার জাতিসংঘ ঘোষিত টেকসই উন্নয়ন অভীষ্টসমূহ ২০৩০ অর্জন নিশ্চিতকল্পে উপজেলা পর্যায়ে সরকারি দপ্তর, বেসরকারি সংস্থা এবং ব্যক্তিগতভাবে পরিচালিত কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন ও সমন্বয়ের জন্য 'টেকসই উন্নয়ন অভীষ্টসমূহ (SDGs) বাস্তবায়ন ও সমন্বয় সম্পর্কিত উপজেলা কমিটি' নিম্নরূপে গঠন করেছে:

(ক) কমিটির গঠন :

- | | |
|--|-------------------|
| (১) মাননীয় সংসদ সদস্য | : প্রধান উপদেষ্টা |
| (২) চেয়ারম্যান, উপজেলা পরিষদ | : উপদেষ্টা |
| (৩) উপজেলা নির্বাহী অফিসার | : সভাপতি |
| (৪) উপজেলা পর্যায়ে অবস্থিত মন্ত্রণালয়/বিভাগসমূহের আওতাধীন সকল দপ্তর/সংস্থা/কার্যালয়-এর প্রধানগণ | : সদস্য |
| (৫) মেয়র/প্রতিনিধি, পৌরসভা (সকল) | : সদস্য |
| (৬) ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ | : সদস্য |
| (৭) মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ | : সদস্য |
| (৮) চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ (সকল) | : সদস্য |

(১৫৯২৩)

মূল্য : টাকা ৪.০০

- (৯) এনজিও ও সুশীল সমাজের প্রতিনিধি, ২ (দুই) জন পুরুষ ও ২ (দুই) জন মহিলা (সভাপতি কর্তৃক মনোনীত) : সদস্য
- (১০) ব্যবসায়ী ও পেশাজীবী সংগঠন-এর প্রতিনিধি, ২ (দুই) জন পুরুষ ও ২ (দুই) জন মহিলা (সভাপতি কর্তৃক মনোনীত) : সদস্য
- (১১) প্রান্তিক ও পশ্চাৎপদ জনগোষ্ঠী (যেমন- প্রতিবন্ধী সংগঠন ও ক্ষুদ্র জাতিসত্তা, নৃ-গোষ্ঠী)-এর প্রতিনিধি, ১ (এক) জন পুরুষ ও ১ (এক) জন মহিলা (সভাপতি কর্তৃক মনোনীত) : সদস্য
- (১২) উপজেলা সমাজসেবা অফিসার : সদস্য-সচিব

(খ) **কমিটির কার্যপরিধি :**

- (১) বাংলাদেশের এসডিজি অগ্রাধিকার তালিকাকে প্রাধান্য দিয়ে এসডিজি বাস্তবায়নে জাতীয় কর্মপরিকল্পনা ও স্থানীয়করণ সংক্রান্ত নীতিমালা অনুসরণ;
- (২) উপজেলা পর্যায়ে এসডিজি বাস্তবায়ন সংক্রান্ত কর্মপরিকল্পনা গ্রহণ, বাস্তবায়ন, সমন্বয়, ও পরিবীক্ষণ;
- (৩) উপজেলা পর্যায়ে এনজিওসমূহের এসডিজি বিষয়ক কর্মপরিকল্পনাসমূহের সমন্বয় সাধন, কর্মপরিকল্পনা বাস্তবায়নে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান ও পরিবীক্ষণ;
- (৪) এসডিজি অগ্রাধিকার তালিকা অনুযায়ী অগ্রগতি বিষয়ে মাসিক সভা আহ্বান এবং বাস্তবায়ন অগ্রগতি জেলা প্রশাসক এবং বিভাগীয় কমিশনারকে অবহিতকরণ;
- (৫) এসডিজি বিষয়ে সর্বস্তরের জনগণ, সরকারি ও বেসরকারি কর্মচারী, শিক্ষক, ছাত্র-ছাত্রীসহ সকল শ্রেণি ও পেশার নাগরিকের মধ্যে সচেতনতা তৈরির জন্য সভা, সেমিনার, কর্মশালার আয়োজন ও প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ; ও
- (৬) বিবিধ।
- (গ) কমিটি প্রয়োজনে অন্য কোনো ব্যক্তি/কর্মকর্তাকে সদস্য হিসাবে কো-অপ্ট করতে পারবে।
- (ঘ) কমিটির সভা প্রয়োজনানুসারে অনুষ্ঠিত হবে।

২। এটি অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

ড. আবু সালেহ্ মোস্তফা কামাল
যুগ্মসচিব (কমিটি ও অর্থনৈতিক)

ফোন: ৯৫৭১৬০০

e-mail: js_economic@cabinet.gov.bd